বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

# পবিস নির্দেশিকা ১০০-৭২

নতুন বিদ্যুৎ সংযোগ ও লোড বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদন প্রক্রিয়া।

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
**পবিস নির্দেশিকা ১০০-৭২**

অনুমোদনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ
সংশোধনের তারিখঃ -

**বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ ও লোড বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদন প্রক্রিয়া।**

**১॥ উদ্দেশ্যঃ**

গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে লোডের পরিমান বিবেচনায় অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারণ।

**২॥ পলিসিঃ**

বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে নতুন বিদ্যুৎ সংযোগ/ লোড বৃদ্ধির ক্ষেত্রে আবেদন জমা প্রদানের পর কি বিবেচনায় সংযোগ প্রদান করা হবে এবং কোন পর্যায়ের কর্তৃপক্ষ কি পরিমান সংযোগতব্য লোডের অনুমোদন প্রদান করতে পারবেন তা সুনির্দিষ্ট করে নিম্নে বর্ণনা করা হলোঃ

ক) পবিস বিদ্যুৎ ব্যবস্থায় বিদ্যুৎ লাইন, ট্রান্সফরমার এবং উপকেন্দ্রের সক্ষমতার সাধারণ স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে। এক্ষেত্রে ৪/০ ACSR কন্ডাক্টর দ্বারা নির্মিত ১১ কেভি লাইন বা ফিডারে সর্বোচ্চ ৩.০ মেঃওঃ পর্যন্ত লোড সংযোগ দেয়া যাবে; তবে উক্ত ফিডারে ৩.০ মেঃওঃ এর বেশি লোড সংযোগ করার প্রয়োজন দেখা দিলে পবিস নির্দেশিকা ১০০-২১ অনুযায়ী MVA-KM অনুসরণ করতে হবে অর্থাৎ ফিডারের দৈর্ঘ্য কম হলে তুলনামুলক অধিক লোড সংযুক্ত করা সম্ভব হবে। বিতরণ/পাওয়ার ট্রান্সফরমার এর প্রকৃত ক্ষমতা পাওয়ার ফ্যাক্টর এর মান ৯০% বিবেচনায় সর্বোচ্চ ৮০% লোডিং এ সংযোগ দেয়া যাবে। ফিডার/উপকেন্দ্র ওভারলোড থাকার কারণে নতুন গ্রহক সংযোগ প্রদানে অনিহা প্রদর্শণ করা হলে ঐ সকল গ্রাহক অন্য সংস্থার বিদ্যুৎ সংযোগ গ্রহণে আগ্রহী হবেন। এতে পবিস অনেক পটেনশিয়াল গ্রাহক হারাতে পারে। এজন্য ফিডার/উপকেন্দ্র ওভারলোড থাকলেও নতুন গ্রাহক সংযোগ বন্ধ না রেখে দ্রুততম সময়ে ফিডার পৃথকীকরণ, লোড ব্যালেন্সিং, ডিজাইন মত নতুন ফিডার নির্মান, কন্ডাক্টর পরিবর্তন করে লাইন আপগ্রেডেশন, উপকেন্দ্র আপগ্রেডেশন বা নতুন উপকেন্দ্র নির্মানসহ প্রযোজ্য কারিগরী ব্যবস্থা গ্রহণ পূর্বক সংযোগ প্রদান অব্যাহত/ চলমান রাখতে হবে।

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREP

...তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭...

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

খ) গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে বাপবিবোর্ডের বিদ্যুৎ লাইন নির্মান নীতিমালা অনুযায়ী পিএসআর (পবিস সার্ভে রিপোর্ট) এবং টিএসআর (টেকনিক্যাল সার্ভে রির্পোট) প্রণয়নের পর আবেদনটি সংযোগ প্রদানের জন্য বিবেচিত হলে লোডের পরিমাণ অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অনুমোদকারী কর্তৃপক্ষ হবেন। তাছাড়া শুধুমাত্র ৩৩ কেভি লাইন নির্মান/রূপান্তর/রি-রুটিং এর প্রয়োজন হলে এসইএন্ডডি পরিদপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে।

| ক্রমিক নং | লোড অনুমোদনের বিন্যাস | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | ১০ কিঃওঃ পর্যন্ত (সেচ ব্যতীত) সার্ভিস ড্রপের আওতাভূক্ত সকল প্রকার লোড | জোনাল/ সাব-জোনাল অফিস এর ক্ষেত্রে অফিস প্রধান এবং পবিস সদর দপ্তরের জন্য ডিজিএম (কারিগরী) |
| ২ | ১০ কিঃওঃ এর উর্দ্ধ হতে ২.৫ মেঃওঃ পর্যন্ত লোড | সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সংশ্লিষ্ট পবিস |
| ৩ | ২.৫ মেঃওঃ এর উর্দ্ধ হতে ৫.০ মেঃওঃ পর্যন্ত লোড | পরিচালক, এসইএন্ডডি পরিদপ্তর, বাপবিবোর্ড |
| ৪ | ৫.০ মেঃওঃ এর উর্দ্ধ হতে ৭.৫ মেঃওঃ পর্যন্ত লোড | প্রধান প্রকৌশলী (পওপ), বাপবিবোর্ড |
| ৫ | ৭.৫ মেঃওঃ এর উর্দ্ধ হতে ১০ মেঃওঃ পর্যন্ত লোড | সদস্য (পিএন্ডডি), বাপবিবোর্ড |
| ৬ | ১০ মেঃওঃ এর উর্দ্ধ লোড | চেয়ারম্যান, বাপবিবোর্ড |

গ) সিটি অথবা সিটি ও পিটি এর সমন্বয়ে বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে কারিগরী বিষয়সমূহ সরেজমিনে যাচাইপূর্বক নতুন সংযোগ ও লোড বৃদ্ধির প্রস্তাবে নিম্নবর্ণিত কমিটি সুপারিশ প্রদান করবেঃ

১) ডেপুটি জেনারেল ম্যানেজার (কারিগরী- সদর দপ্তর)/ ডেপুটি জেনারেল ম্যানেজার, সংশ্লিষ্ট পবিস - আহবায়ক

২) এজিএম (ইএন্ডসি/ ওএন্ডএম), সংশ্লিষ্ট পবিস - সদস্য-সচিব

৩) রিটেইনার প্রকৌশলী/ এজিএম(সদস্য সেবা) (উপদেষ্টা প্রতিষ্ঠান না থাকলে), সংশ্লিষ্ট পবিস - সদস্য



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

ঘ) লাইন নির্মান করার প্রয়োজন না হলে ৭(সাত) দিনে আবাসিক ও ২৮(আটাশ) দিনে শিল্প সংযোগ প্রদান করতে হবে।

ঙ) ৩৩ কেভি সংযোগের ক্ষেত্রে ৩ মেগাওয়াটের কম লোডে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে না।

চ) সিস্টেম প্রটেকশনের স্বার্থে ৩৩ কেভি সোর্স লাইন হতে সরাসরি ৩৩/০.৪ কেভি কোন উপকেন্দ্রে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে না এবং এ ধরণের উপকেন্দ্র নির্মানে গ্রাহককে নিরুৎসাহিত করতে হবে।

(ছ) কারিগরী ও আর্থিক বিবেচনায় পবিস নির্দেশিকা ১০০-২১ ও ১০০-২৮ অনুসরণ পূর্বক সর্বোচ্চ ১৩০ ফুট সার্ভিস ড্রপ ব্যবহার করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে তবে নিরাপত্তা ও গ্রাউন্ড ক্লিয়ারেন্স যথাযথ বজায় রাখার জন্য পবিস নির্দেশিকা ১০০-২৮ এর এম-৫০(সর্বনিম্ন গ্রাউন্ড ক্লিয়ারেন্স) অনুসরণ করতে হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant. TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.